# জুলাইয়ের চেতনার নামে রাজনীতি টিকবে না: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, শুধু জুলাইয়ের চেতনার কথা বলে দীর্ঘ সময় রাজনীতি টিকিয়ে রাখা সম্ভব নয়। নতুন ব্যবস্থার কথা বলে যদি পুরোনো রাজনৈতিক ধারা অনুসরণ করা হয়, তাহলে জনগণ তা গ্রহণ করবে না বলেও মন্তব্য করেন তিনি।

রোববার (১৯ জুলাই) বিকেলে জাতীয় প্রেসক্লাবে 'রক্তস্নাত জুলাই: কোন পথে বাংলাদেশ' শীর্ষক এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জুলাই আন্দোলনের আকাঙ্ক্ষা বাস্তবায়নের অংশ হিসেবে সংবিধান সংস্কারের উদ্যোগ নেওয়া হবে। এ লক্ষ্যে সংবিধান সংশোধন কমিটি, শিক্ষক, আইনজীবী এবং সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম এগিয়ে নেওয়া হবে।

তিনি দাবি করেন, রাজনৈতিক ঐকমত্য ছাড়াই গণভোট আয়োজন করা হয়েছে, যা সংবিধানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।

সালাহউদ্দিন আহমদ আরও বলেন, সাংবিধানিক কাঠামোর বাইরে রাষ্ট্র সংস্কার সম্ভব নয়। একই সঙ্গে তিনি অভিযোগ করেন, যারা জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের দাবি জানাচ্ছেন, তাদের অনেকেই সংবিধান সংশোধন কমিটির কার্যক্রমে অংশ নেননি।

LENS ASIA